



স্মারক নং- ৩৬.০২.৬৭৬৮.০০০.৯৯.০৬০.২৬ (অংশ ৩)/২০২২

তারিখ: ২৪ পৌষ ১৪৩২
৮ জানুয়ারি ২০২৬

প্রশিক্ষার্থী আহ্বান বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জামদানি শিল্পের উন্নয়নে ০৬ (ছয়) মাস মেয়াদী জামদানি বুনন প্রশিক্ষণ কর্মসূচীর ব্যাচ-৪ এর কার্যক্রম শীঘ্রই শুরু হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সের আওতায় প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী যোগ্য প্রার্থীদের বিসিক জামদানি শিল্পনগরী কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা বিসিক জেলা কার্যালয়, নারায়ণগঞ্জে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

০১. প্রশিক্ষার্থীগণের বয়স ১৮ বছরের উর্ধ্বে হতে হবে তবে ৪০ এর বেশি নয়।
০২. আসন সংখ্যা সীমিত হওয়ায় অধিক আবেদন পাওয়া গেলে যাচাই-বাছাই করে প্রশিক্ষার্থী নির্বাচন করা হবে।
০৩. প্রশিক্ষণ শেষে বিসিক জামদানি শিল্পনগরীর কারখানায় তাঁতি হিসেবে কাজ করার আগ্রহ থাকতে হবে।


সুবিধাসমূহ:

০১. প্রশিক্ষার্থীগণকে দৈনিক ৩০০/- (তিনশত) টাকা মাত্র করে ভাতা প্রদান করা হবে।
০২. প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হবে।
০৩. প্রশিক্ষার্থীগণের প্রশিক্ষণ শেষে জামদানি শিল্পনগরীতে কর্মসংস্থানের জন্য সুপারিশ করা হবে।
০৪. প্রশিক্ষার্থীগণের সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

প্রশিক্ষার্থীগণের সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/ জন্মনিবন্ধন সনদের ০১ (এক) কপি সত্যায়িত কপিসহ আগামী ১৫ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

যোগাযোগ: জনাব মো: জহিরুল ইসলাম, শিল্পনগরী কর্মকর্তা, বিসিক জামদানি শিল্পনগরী কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। মোবাইল: ০১৯২০-৬৪৫৯৯৩


০৬/০২/২৬
(মোঃ জাসিম উদ্দিন)

সহকারী মহাব্যবস্থাপক
বিসিক জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ

বিতরণ: (বহুল প্রচারের জন্য)

০১. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
০২. নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
০৩. নোটিশ বোর্ড, জেলা পরিষদ কার্যালয়, নারায়ণগঞ্জ
০৪. নোটিশ বোর্ড, বিসিক জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ
০৫. নোটিশ বোর্ড, বিসিক শিল্প নগরী, নারায়ণগঞ্জ
০৬. নোটিশ বোর্ড, তারাবো পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
০৭. কার্যালয়ের ওয়েবসাইট।

